



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
Bangladesh Rice Research Institute, Gazipur
Telephone: 880-2 - 9257401-5, Fax: 88-02-9261110
Email: brrihq@yahoo.com, Website: www.brri.gov.bd

তারিখঃ ১৯/০৩/২০২৪

ব্লাস্ট রোগ দমনে জরুরি সতর্কবার্তা (Red Alert for Rice Blast Disease Management)

সারা দেশে বর্তমানে যে আবহাওয়া বিরাজ করছে এবং আগামী এক সপ্তাহের আবহাওয়ার পূর্বাভাস বিশ্লেষণপূর্বক ধারণা করা যাচ্ছে যে, ধান গাছের বর্তমান বৃদ্ধি পর্যায়ে পাতা ব্লাস্ট এবং সেই সংশ্লে স্থান ভেদে আগাম রোপনকৃত জমিতে নেক ব্লাস্ট রোগ ব্যাপক আকারে দেখা দিতে পারে। এ রোগের আক্রমণ থেকে ফসলকে রক্ষা করার জন্য ট্রাইসাইক্লোজল গুপের ছত্রাকনাশক যেমন- ট্রুপার অথবা দিফা অথবা জিল (৫০ গ্রাম ঔষধ ৬৪ লিটার পানিতে ভালভাবে মিশিয়ে ৩৩ শতাংশ জমিতে) ৭-১০ দিন ব্যবধানে বিকাল বেলা দুই বার স্প্রে করতে হবে। আর যাদের জমির ধানে এখনো শীষ বের হয়নি বা কিছু দিনের মধ্যে শীষ বের হবে, তাদের জমিতে ধানের শীষ বের হওয়ার সময় নেক ব্লাস্ট রোগ হোক বা না হোক একই নিয়মে বিকাল বেলা ৭-১০ দিন ব্যবধানে দুই বার স্প্রে করতে হবে। মনে রাখতে হবে, নেক ব্লাস্ট রোগ একবার হয়ে গেলে আর দমন করা সম্ভব নয়। ঝড়-বৃষ্টির কারণে এবছর ব্লাস্ট রোগ ব্যাপক ভাবে ছড়ানোর সম্ভাবনা আছে। বৃষ্টির অবস্থা বুঝে স্প্রে করতে হবে, যেন স্প্রে-র পরপরই ঔষধ পানিতে ধুয়ে না যায়।

প্রচারে: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।